CRP
Centre for the Rehabilitation of the Paralysed

আফসার হোসেন- সিআরপি, রাজশাহী

বাড়ী নং- ১১, মহিষবাথান, রাজশাহী কোর্ট, রাজপাড়া, রাজশাহী
ফোনঃ ০৭২১-৭৭১৭০৯,০১৭৩০০৫৯৬৪৪, ই-মেইলঃ Rajshahi@crp-bangladesh.org

পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র (সিআরপি) দীর্ঘ ৩৯ বছর যাবত বাংলাদেশের সুবিধাবঞ্চিত প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা ও পুনর্বাসন সেবা প্রদান করে আসছে। সিআরপির মূল লক্ষ্য হল প্রত্যেক প্রতিবন্ধী মানুষ কে সমাজের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করা। রাজশাহী বাংলাদেশের অন্যতম বৃহৎ বিভাগ যেখানে প্রতিবন্ধীতার হার বেশি। এমনকি সিআরপি- সাভার এবং মিরপুরের ১৫% রোগী রাজশাহী বিভাগ থেকে আসে। এই বিপুল সংখ্যক রোগীর চাহিদা পূরণে এবং স্বল্প খরচে উন্নত সেবা প্রদানের লক্ষ্যে সিআরপি রাজশাহীতে একটি বিভাগীয় পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা করেন। সিআরপি'র রাজশাহী পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠার জন্য মরহুম আফসার হোসেন সাহেবের পুত্র মোঃ মাজহারুল হান্নান এবং তার পরিবার ২০১১ সালে জমি প্রদান করেন। পরবর্তীতে জাপান সরকার ও জনগণের অনুদানে ২০১৩ সালে সিআরপি একটি চারতলা বিশিষ্ট বিভাগীয় পুনর্বাসন কেন্দ্র নির্মাণ করে। ২০১৩ সাল থেকে আফসার হোসেন সিআরপি নামে এই পুনর্বাসন কেন্দ্রটি কার্যক্রম শুরু করে।

আফসার হোসেন সিআরপি, রাজশাহী সেন্টার প্রতিষ্ঠার শুরু থেকে নিম্নোক্ত খাতসমূহে সেবা প্রদান করে আসছে।

- থেরাপি সেবা
- এ্যাসিস্টিভ ডিভাইস
- অর্থোটিক্স ও প্রস্থেটিক্স
- কারিগরী শিক্ষা প্রশিক্ষণ

ফিজিওথেরাপি

ফিজিওথেরাপি পুনর্বাসন প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ দিক যেখানে ম্যানুয়াল থেরাপি, এক্সারসাইজ থেরাপি এবং ইলেক্ট্রো থেরাপির মাধ্যমে চিকিৎসা প্রদান করা হয়। সিআরপি রাজশাহী কেন্দ্রে এই সেবাসমূহ বহির্বিভাগের রোগীদের প্রদান করা হয়।

ফিজিওথেরাপি ক্ষেত্রসমূহঃ

হাড়, জোড়া ও মাংসপেশির রোগ (Orthopedic Musculo-Skeletal Conditions) ঃ বাত, ব্যাথা, হাড়ভাঙ্গা, মেরুদন্ডে ব্যাথা হাটু এবং কোমড়ে ব্যাথা, ঘাড়ে ব্যাথা, অস্থিসন্ধির ব্যাথা সহ মাংসপেশির ক্ষয় ও দুর্বলতা।

স্নায়ু রোগ (Neurological Conditions) ঃ স্ট্রোক, মেরুদন্ডের আঘাত, মস্তিষ্কের আঘাত, গুলেনবারি সিন্ড্রোম (জিবিএস), ট্রান্সভার্স মাইলাইটিস, প্যারিফেরাল নিউরোপ্যাথি সহ সব ধরনের প্যারালাইসিস।

শিশুরোগ বিষয়ক (Paediatric Conditions) ঃ সেরিব্রাল পাল্সি (সিপি), ডাউনসিন্ড্রম, জন্মগত ত্রুতি, হাড় বাকা, মুগুর পা, বিকলাঙ্গতাসহ সব ধরনের প্রতিবন্ধী শিশু।

মেরুদন্ডে আঘাত জনিত বিষয় (Spinal Cord Injury) ঃ মেরুদন্ডে আঘাত প্রাপ্ত ব্যক্তিদের চিকিৎসা সেবা এবং পূনর্বাসন।

খেলাধূলায় আঘাত জনিত বিষয়ক (Sports Injury) ঃ খেলাধূলা সক্রান্ত বিভিন্ন ধরণের আঘাত প্রাপ্ত ব্যক্তিদের চিকিৎসা এবং পূনর্বাসন।

গর্ভবতী নারী সেবা (Gynecological Conditions) ঃ গর্ভবতী মা এবং প্রসব পরবর্তী পূনর্বাসন।

কৃত্রিম অঙ্গসংযোজন (Artificial Limb) ঃ কৃত্রিম অঙ্গসংযোজন (হাত ও পা) এবং তাদের চিকিৎসা এবং পূনর্বাসন।

অকুপেশনাল থেরাপিঃ

অকুপেশনাল থেরাপি এমন একটি চিকিৎসা সেবামূলক পেশা যা দৈনন্দিন জীবন কাজ করার ক্ষমতা বিঘ্নিত এমন ব্যক্তিকে সেবা প্রদান করে। এই ব্যবস্থায় শারীরিক, মানসিক এবং সামাজিক সীমাবদ্ধতা ও প্রতিবন্ধিতা দূরীকরণের মাধ্যমে একজন ব্যাক্তিকে সুস্থ্য ও স্বনির্ভর জীবনযাপনে সক্ষম হতে সাহায্য করে।

অকুপেশনাল থেরাপি চিকিৎসা ক্ষেত্রসমূহঃ

স্নায়ু রোগ (Neurological Conditions) ঃ স্ট্রোক, মেরুদন্ডের আঘাত, মস্তিষ্কের আঘাত, গুলেনবারি সিন্ড্রোম (জিবিএস) সহ সব ধরনের প্যারালাইসিস।

শিশুরোগ বিষয়ক (Paediatric Conditions) ঃ সেরিব্রাল পাল্সি (সিপি), ডেভেলাভমেন্টাল ডিসঅর্ডার, অটিজম, বুদ্ধি প্রতিবন্ধীতা, ডাউনসিন্ড্রম, মাসকুলার ডিসট্রফি সহ সব ধরনের শিশু প্রতিবন্ধীতা।

হাড়, জোড়া ও মাংসপেশির রোগ (Orthopedic Musculo-Skeletal Conditions) ঃ বাত, হাড়ভাঙ্গা সহ মাংসপেশির ক্ষয় ও দূর্বলতাসহ ব্যাথা ও আঘাতজনিত রোগ।

হাতের রোগ(Hand Conditions) ঃ আগুনে পোড়া হাতভাঙ্গা, কাঁধ-কনুই-কব্জি ও বৃদ্ধা আঙ্গুলে তীব্র ব্যাথাসহ হাত ও আঙ্গুলের বিভিন্ন সমস্যা।

মানসিক সমস্যা সংক্রান্তঃ সিজোফ্রেনিয়া, পারসোনালিটি ডিজঅর্ডার, অ্যাংজাইটি ডিজঅর্ডার।

স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি

স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি যোগাযোগের সমস্যা রয়েছে এমন ব্যক্তিদের (শিশু/ বয়স্ক) জন্য একটি বিজ্ঞানসম্মত মূল্যায়ন, রোগ নির্ণয় এবং চিকিৎসা ব্যবস্থা যা তাদের বাক সমস্যার কারণে অন্যের সাথে কথা বলা/ ভাব বিনিময়ে বাঁধার এবং খাবার চিবাতে এবং গিলতে সমস্যা ইত্যাদি নিরসনে সেবা প্রদান করে থাকে।

স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি চিকিৎসা ক্ষেত্রসমূহঃ

শিশুরোগ বিষয়ক (Paediatric Conditions) ঃ সেরিব্রাল পাল্সি (সিপি), অটিজম, শ্রবণ প্রতিবন্ধী, ঠোঁট ও তালু কাটা' বুদ্ধি প্রতিবন্ধীতা, এডিএইচডি, তোতলামী, ডাউনসিন্ড্রম, ল্যাঙ্গুয়েজ ডিলে এন্ড ডিসঅর্ডার, আর্টিকুলেশন এন্ড ফোনোলজিক্যাল ডিসঅর্ডার এবং খাবার খেতে (চিবাতে ও গিলতে) সমস্যা।

স্নায়ু রোগ (Neurological Conditions) ঃ স্ট্রোক, মাথায় আঘাতপ্রাপ্ত রোগী, আলজাইমার ডিজিস, ডিমেনশিয়া, গুলেনবারি সিন্ড্রোম (জিবিএস) মোটর নিউরন ডিজিস, খাবার খেতে (চিবাতে ও গিলতে) সমস্যা।

মানসিক সমস্যা সংক্রান্তঃ সিজোফ্রেনিয়া, পারসোনালিটি ডিজঅর্ডার, অ্যাংজাইটি ডিজঅর্ডার।

কারিগরী শিক্ষা প্রশিক্ষণঃ

প্রতিবন্ধী মানুষদের সমাজে আত্মনির্ভরশীল মানুষ হিসেবে গড়ে তোলার লক্ষে সিআরপি ভোকেশনাল ট্রেনিং প্রদান করে থাকে। সেগুলো হলঃ
কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন (তিন মাস)
ড্রেস মেকিং এ্যান্ড টেইলারিং (ছয় মাস)
দোকান ব্যবস্থাপনা (এক মাস)

কম্পিউটার এর তিন মাসের কোর্স, কারীগরি শিক্ষা বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশন করা হয়। কম্পিউটার কোর্সে ভর্তির জন্য নূন্যতম যোগ্যতা এস.এস সি পাশ হতে হবে।

ড্রেস মেকিং এ্যান্ড টেইলারিং এর জন্য ছয় মাসের কোর্স, কারীগরি শিক্ষা বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশন করা হয়। এ ক্ষেত্রে শুধুমাত্র প্রতিবন্ধী ব্যক্তিদের ট্রেনিং করানো হয়।

দোকান ব্যবস্থাপনার এক মাস মেয়াদী কোর্স। এক্ষেত্রে সিআপি'র বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র হতে সার্টিফিকেট প্রদান করা হয়।

অন্যান্য কার্যক্রমঃ

মেডিকেল চেকআপ
প্রতিবন্ধীতা বিষয়ক সচেতনতা মূলক কার্যক্রম
স্কুল ভিত্তিক সচেতনতা মূলক কার্যক্রম
প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন তৈরী ও সহায়তা
এ্যাডভোকেসি ও কনসালটেশন মিটিং
বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান

সৌজন্যেঃ রাইটস, রিহেবিলেটেশন, এমপাওয়ারমেন্ট ফর পারসন্স উইথ ডিজাবেলেটিস (আরআরইডি প্রজেক্ট)

CRP Centre for the Rehabilitation of the Paralysed & cbm together we can do more
CRP in partnership with CBM

সিআরপি, সাভার, ঢাকা-র বিভাগীয় প্রতিষ্ঠান

আফসার হোসেন- সিআরপি, রাজশাহী

বাড়ী নং ১১, মহিষবাথান, রাজশাহী কোর্ট,
রাজপাড়া, রাজশাহী
ফোন নং: ০৭২১-৭৭১৭০৯, ০১৭৩০-০৫৯৬৮৬
E-mail: rajshahi@crp-bangladesh.org

সম্মানিত সুধী,

আসসালামু আলাইকুম,

বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্যমতে, বাংলাদেশের মোট জনসংখ্যার শতকরা ১০ ভাগ লোক প্রতিবন্ধি । এই বিরাট জনসংখ্যাকে বাদ দিয়ে টেকসই উন্নয়ন সম্ভব নয়। এই ব্যক্তিদের জীবনমান উন্নয়নে সিআরপি দীর্ঘ ৪০ বছর যাবৎ নিরন্তর কাজ করে যাচ্ছে । সিআরপি'র সেবার মাধ্যমে অত্র এলাকায় গরীব ও প্রতিবন্ধি ব্যক্তির জীবনমান উন্নয়নে আপনার সাহায্য একান্ত কাম্য ।

যেভাবে সিআরপি'কে সহযোগিতা করতে পারেন-

১। আপনার কর্মক্ষেত্র ও চারপাশে পক্ষাঘাতগ্রস্ত মানুষের জন্য প্রদত্ত থেরাপিউটিক চিকিৎসা ও পুনর্বাসন সম্পর্কে সচেতন করা ।
২। সকল প্রতিবন্ধি ব্যক্তি (শিশুরাও অন্তর্ভূক্ত) ফিজিওথেরাপি, অকুপেশনালথেরাপি, স্পিচ এন্ড ল্যাঙ্গুয়েজথেরাপি ও সহায়ক উপকরন (Assistive Device) সম্পর্কে সচেতন করা ।
৩। কৃত্রিম অঙ্গ সংযোজনে সর্বাধুনিক প্রযুক্তি ও দক্ষ জনশক্তির সমন্বয় সম্পর্কিত তথ্য সরবরাহ করা ।
৪। ডায়াবেটিক জনিত পঙ্গুত্ব বরন (স্ট্রোক, পেরিফেরাল নিউরোপ্যাথি ও এ্যাম্পুটেটেড) রোগীদের পুনর্বাসনে ও প্রতিরোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা ।
৫। দরিদ্র রোগীরাও সিআরপি প্রদত্ত সেবা গ্রহন করতে পারবে সেই সম্পর্কে তথ্য সরবরাহে সহায়তা করা ।
৬। সম্ভাব্য সুবিধা ভোগিদের সিআরপি'তে প্রেরন করা ।
৭। প্রতিবন্ধি ব্যক্তিরা (নারী ও পুরুষ/ উভয়) প্রশিক্ষনের মাধ্যমে নিজদেরকে স্বাবলম্বী ও উপার্জনে অন্তর্ভূক্ত করতে পারবে সেই সম্পর্কে তথ্য সরবরাহে সহায়তা করা ।

ধন্যবাদ

সম্রাট আওরঙ্গজেব
বিভাগীয় সমন্বয়কারী
আফসার হোসেন- সিআরপি, রাজশাহী
মোবাইল: ০১৭৩০-০৫৯৬৮৬

সোমা বেগম
কেন্দ্র ব্যবস্থাপক
আফসার হোসেন- সিআরপি, রাজশাহী
মোবাইল: ০১৭৩০-০৫৯৫২৭